

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
 ইনোভেশন টিম



...

সভাপতি	মো: শাহরিয়ার কাদের ছিদ্দিকী অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৩ জানুয়ারী, ২০২৩
সভার সময়	বেলা ১১:৩০ ঘটিকা
স্থান	এশিয়া, জেইসি ও এফ এন্ড এফ অনুবিভাগের সম্মেলন কক্ষ (ব্লক নং-১৫, কক্ষ নং-২৯,৩০)
উপস্থিতি	'সংযোজনী'-ক

সভার শুরুতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইনোভেশন টিমের চীফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোঃ শাহরিয়ার কাদের ছিদ্দিকী টিমের সকল সদস্যকে স্বাগত জানান। তিনি বলেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ইনোভেশন টিমের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ইনোভেশন টিমের কার্যক্রম যথাযথভাবে এবং যথাসময়ে বাস্তবায়ন করা না গেলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ইআরডি পিছিয়ে পড়বে এবং এ বিভাগের সুনাম ক্ষুণ্ণ হবে। তাই ইনোভেশন টিমের সকল সদস্যকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় সাধন করে কাজ সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে টিমের সদস্য-সচিব মিজ রোকেয়া খাতুন, যুগ্মসচিব সভাকে অবহিত করেন যে, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী ইতোমধ্যে ০২ (দুটি) প্রশিক্ষণ ও সকল কর্মকর্তার অংশগ্রহণে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা বিষয়ে ০১ (একটি) কর্মশালা আয়োজন করা হয়েছে। তিনি আরও বলেন যে, এ অর্থ বছরে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। বিগত কর্মশালায় উপস্থাপিত উদ্ভাবনী ধারণাসমূহের মধ্যে এ বিভাগের সমন্বয়-১ শাখা হতে মোঃ মামুন হোসেন, সহকারী সচিব কর্তৃক উপস্থাপিত সেন্সর সিস্টেম ধারণাটি বাস্তবায়নের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। তদুপেক্ষিতে ধারণা প্রদানকারী কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, প্রশাসন অধিশাখার যুগ্মসচিব ও বাজেট ব্যবস্থাপনা শাখার কর্মকর্তাকে সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক ১৫ জানুয়ারী ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। অতঃপর তিনি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। সভায় কর্মপরিকল্পনার উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র. নং	আলোচসূচী	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উদ্ভাবনী ধারণা অনুসন্ধান করা	ক) নিম্নবর্ণিত দেশে সরকারী/ রাষ্ট্রীয় পর্যায়ে সফলভাবে বাস্তবায়িত বিভিন্ন উদ্ভাবনী ধারণা হতে ইনোভেশন টিমের সদস্যগণ ইন্টারনেট অনুসন্ধান করে এ বিভাগে বাস্তবায়নযোগ্য একটি উদ্ভাবনী ধারণা খুঁজে বের করবেনঃ মিজ মিরানা মাহরুখ ও সিফাত ই জাহান, ভারত মিজ রোকেয়া খাতুন ও জনাব মাহমুদুল ইসলাম খান, সিঙ্গাপুর জনাব মোকহেদ আলী ও সাক্ষির বিশ্বাস, সুইজারল্যান্ড মিজ খাদিজা পারভীন ও শাহীনা আক্তার, থাইল্যান্ড জনাব জাহাঙ্গীর আলম ও মিজ উলফং আরা বেগম, কোরিয়া খ) ধারণা অনুসন্ধান সংক্রান্ত একটি সভা আগামী ১০ (দশ) কার্যদিবস পর অর্থাৎ ১৭/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে।	ইনোভেশন টিমের সকল সদস্য সদস্য-সচিব, ইনোভেশন টিম

০২	উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	ক) ২০২২-২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে এপ্রিল, ২০২৩ তারিখের মধ্যে ন্যূনতম ০১ (এক) টি সেবা সহজীকরণ / ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। এ বাস্তবায়ন কাজ আগামী ১৫ এপ্রিল ২০২৩ এর মধ্যে সম্পন্ন করে ৩০ এপ্রিল ২০২৩ এর মধ্যে মন্ত্রিপরিষদে প্রতিবেদন পাঠানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। খ) মিরানা মাহরুখ, যুগ্মসচিব ও মাহমুদুল ইসলাম খান, উপসচিব এর একক ও যৌথভাবে দাখিলকৃত ০৩ (তিন) টি ধারণার বিষয়ে চীফ ইনোভেশন অফিসার এবং অতিরিক্ত সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, ফবা ও আইসিটি অনুবিভাগ প্রধানের সাথে আলোচনা করে সংশোধিত প্রস্তাব দাখিল করবেন।	ইনোভেশন টিম, প্রশাসন ও বাজেট ব্যবস্থাপনা শাখা যুগ্মসচিব, এশিয়া-১ অধিশাখা ও উপসচিব, এডিবি-৪ শাখা
০৩	ষাণ্মাসিক প্রতিবেদন প্রেরণ	ইনোভেশন টিম কর্তৃক বাস্তবায়িত সকল কার্যক্রমের ষাণ্মাসিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। সদস্য-সচিব, ইনোভেশন টিম	
০৪	সেন্সর সিস্টেম স্থাপন	সহকারী সচিব মো. মামুন হোসেন কর্তৃক দাখিলকৃত সেন্সর সিস্টেম ধারণাটি বাস্তবায়নের জন্য প্রশাসন অনুবিভাগ হতে জরুরি ভিত্তিতে গণপূর্ত অধিদপ্তরে পত্র প্রেরণ ও যোগাযোগ করতে হবে। গণপূর্ত অধিদপ্তর যদি বাস্তবায়ন করতে না পারে তবে তাদের নিকট হতে NOC নিয়ে প্রশাসন ও বাজেট যৌথভাবে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে।	প্রশাসন অধিশাখা ও বাজেট ব্যবস্থাপনা শাখা
০৫	প্রশিক্ষণ আয়োজন	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বাস্তবায়ন বিষয়ে সকল কর্মকর্তা ও কর্মচারীদের চাহিদামাফিক একাধিক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। তন্মধ্যে ফেব্রুয়ারী ২০২৩ মাসে একটি প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নিতে হবে।	ইনোভেশন টিম ও বাজেট ব্যবস্থাপনা অধিশাখা

সভায় আর কোন আলোচনা না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।



মো: শাহরিয়ার কাদের ছিদ্দিকী
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫৪.০৫.০০১.২২.৩

তারিখ: ২১ পৌষ ১৪২৯

০৫ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সদস্য, ইনোভেশন টিম
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩) উপসচিব, বাজেট ব্যবস্থাপনা শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) সহকারী সচিব, সমন্বয় শাখা-১, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উইং ২: বিশ্বব্যাংক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ৩: প্রশাসন ও মধ্যপ্রাচ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ



রোকেয়া খাতুন
যুগ্মসচিব